


অধিবেশনের লক্ষ্য

গুরুত্বপূর্ণ উপকারী ও ক্ষতিকারক পোকামাকড় সরাসরি অবলোকন।

অধিবেশনের উদ্দেশ্য

▶ এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণঃ

ব্যবহারিক ক্লাশের মাধ্যমে পোকার জীবন বৃত্তান্ত, ডিম পারার ধরন, আক্রমণের অবস্থা, ক্ষতির লক্ষণ ও জীবন প্রকৃতি সম্পর্কে সরাসরি জ্ঞান অর্জন করতে পারবে।

সময়	বিষয়বস্তু	পদ্ধতি
	<p>ব্যবহারিক পদ্ধতি</p> <p>দল তৈরি করুন</p> <p>পোকামাকড় সম্পর্কিত তাত্ত্বিক ক্লাশের পর ১০ জনের ছোট দল তৈরি করে প্রতি দলে একজন কীটতত্ত্ববিদ সহায়তাদানকারী হিসাবে সহযোগিতা প্রদান করবেন। প্রতি দলে একাধিক সুইপিং নেট এবং প্লাস্টিকের ভাণ্ড থাকবে। প্রশিক্ষণার্থীগণকে নিয়ে সহায়তাপ্রদানকারী ল্যাবরেটরী/খীন হাউজ/আক্রান্ত ধানের মাঠ পরিদর্শন করবেন। মাঠ ভ্রমণের সময় পোকার ডিমের গাদা, কিড়া, মথ/পোকা, ধান গাছে আক্রমণের লক্ষণের নমুনা সংগ্রহ করে সংরক্ষণ করুন এবং সহায়তাদানকারীর সাথে আলোচনার মাধ্যমে সঠিক কারণ/উত্তর জেনে নিন।</p> <p>মাঠ পরিদর্শনের পর সকল দল সংগৃহীত নমুনা সহ ক্লাশে ফিরে এসে প্রতিটি দলের দলনেতা তাদের সংগৃহীত পোকা এবং আক্রমণের লক্ষণ প্রদর্শনসহ উপস্থাপন করবেন এবং সহায়তাদানকারীগণ এ ব্যাপারে সকল প্রকার সহযোগিতা প্রদান করবেন।</p> <p>সহায়তাদানকারীগণ যা করবেন</p> <p>প্রথমে ক্লাশটির উদ্দেশ্য এবং ব্যবহারিক পদ্ধতি ব্যাখ্যা করবেন এবং দল তৈরিতে সাহায্য করবেন। মাঠ থেকে দৃশ্যমান সকল পোকা (উপকারী, অপকারী) সংগ্রহ করতে সাহায্য করবেন এবং সাময়িক সংরক্ষণের সহায়তা প্রদান করবেন। সংগৃহীত সকল পোকার এবং আক্রমণের লক্ষণ সমূহের নমুনা চিহ্নিত করতে সাহায্য করবেন। ক্লাশে ফিরে সকল দলের উপস্থাপনে সাহায্য করবেন। পোকার আক্রমণের স্তর এবং গাছের আক্রান্ত স্তরসমূহ বর্ণনা করবেন।</p>	

সময় ১২০ মিঃ